তৃষ্ণাকে

কখনও কখনও তুমি কি তোমার
চকিত ফিঙের মতো ও চোখ দুটোকে
কিছুটা রিলিফ দাও তৃষ্ণা ?
কনট্যাক্ট লেন্‌স খুলে রাখো;
পরে নাও স্টেইনলেস স্টিলের চশমা !
চুলের বিন্যাস উল্টেপাল্টে দাও,
যেন বা ঝড়ের পরে এলে !
এলোমেলো কেশদাম ছন্দ হীন
মূলে থাকে যেন বা গাছের ভাঙা ডালপালা।
তৃষ্ণা, তুমি প্রায়শই বদলে ফ্যালো রূপ,
যেন পরিচয়হীন অচেনা অজানা কেউ,
যেন তুমি তুমি নও, যেন সমুদ্রের ঢেউ !
তাই কি কখনও হয়, তৃষ্ণা ?
আমার দুচোখ ঠিকই শণাক্ত করে নেয়,
তুমি, সেই তুমি!
তুমি কেন কখনোই
আমার দুচোখে ধুলো দিতে পারলে না, তৃষ্ণা ?
তুমি কি জানো না,
আমিও, আমিও এই ভূমণ্ডলে জোনাকি
খেতে খেতে, তৃষ্ণা, এত জন্ম পার হয়ে,
অবশেযে এখানে এসেছি ?

সমীর রক্ষিত

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com